# চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ

চউক ভবন, চট্টগ্রাম।

## ২০২৫-২০২৬ অর্থবছরে চউক- এর অধীনে দরপত্রে অংশগ্রহনে আগ্রহী সিভিল, যান্ত্রিক ও বৈদ্যুতিক ঠিকাদারের নতুন তালিকাভুক্তি ও ইতোপূর্বে তালিকাভূক্ত ঠিকাদারদের তালিকাভূক্তি নবায়নের বিজ্ঞপ্তি।

চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের অধীনে দরপত্রে অংশ গ্রহনের জন্য তালিকাভূক্ত হতে আগ্রহী ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান এবং বর্তমান তালিকাভূক্ত ঠিকাদারগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যারা ২০২৫-২০২৬ অর্থবছরে চউক-এ নতুনভাবে তালিকাভূক্ত এবং তালিকাভূক্তি নবায়নে আগ্রহী তাদেরকে চউক নির্ধারিত ফরমে আবেদন দাখিল করতে হবে। উক্ত ফরম সমূহ (নতুন তালিকাভুক্তি ও নবায়ন) ২ জুলাই, ২০২৫ হতে পূবালী ব্যাংক লিঃ, চউক শাখা, চট্টগ্রাম হতে নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) ক্রয় করা যাবে।

তালিকাভূক্তি নবায়নের জন্য ৩১ জুলাই, ২০২৫ তারিখের মধ্যে এবং শুধুমাত্র নতুন তালিকাভূক্তির ক্ষেত্রে ৩০ সেপ্টেম্বর, ২০২৫ তারিখের মধ্যে নির্দিষ্ট ফরম সমূহের প্রত্যেকটি কলাম যথাযথভাবে পূরণ করে নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ এর দপ্তরে জমা প্রদান করতে হবে।বিশেষভাবে উল্লেখ্য তালিকাভূক্তি নবায়নের ক্ষেত্রে ৩১ জুলাই, ২০২৫ তারিখের পর আবেদন দাখিল করলে প্রতি মাস বা তদ্অংশ বিশেষের জন্য নবায়ন ফিস এর অতিরিক্ত ২% হারে জরিমানা প্রদান করতে হবে।

নতুন তালিকাভূক্তি বা তালিকাভূক্তি নবায়নের ক্ষেত্রে প্রদত্ত ফিসের সাথে সরকার নির্ধারিত ১৫% হারে ভ্যাট প্রদান করতে হবে।

১ম ও ২য় শ্রেণির (সিভিল/বৈদ্যুতিক) ঠিকাদারী প্রতিষ্ঠান এবং যানবাহন (মোটর ওয়ার্কসপ) এর ক্ষেত্রে যে সমস্ত নির্মাণ প্রতিষ্ঠান/ঠিকাদার ভ্যাট, কাষ্টমস এন্ড এক্সাইজ বিভাগে এখনো নিবন্ধনকৃত হননি তাদের আবেদন (নতুন তালিকাভূক্তি বা নবায়ন) বিবেচিত হবে না। উল্লেখ্য, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়সীমার মধ্যে ঠিকাদারদের তালিকাভূক্তি নবায়ন করা না হলে তালিকাভূক্তি বাতিল বলে গণ্য করা হবে। যারা পূর্বে চউক ঠিকাদার হিসাবে তালিকাভূক্ত ছিলেন, কিন্তু পরবর্তীতে তালিকাভূক্তি নবায়ন করেননি বা করতে পারেননি তারা নতুন তালিকাভূক্তির জন্য আবেদন করার যোগ্য নন।

তালিকাভূক্তি নবায়নের ক্ষেত্রে আবেদনকারীকে আবেদন পত্রের সঙ্গে চলতি সালের ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিঃ সার্টিফিকেট, টি.আই.এন সার্টিফিকেট, ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে) অবশ্যই সংযুক্ত করতে হবে। অন্যথায় তাদের আবেদন বিবেচনা করা হবে না। কারও আবেদন ফরমে প্রদত্ত তথ্য বা সংযুক্ত সার্টিফিকেট ভুল কিংবা মিথ্যা প্রমানিত হলে তার তালিকাভূক্তি/ নবায়ন বাতিল করা হবে এবং আবেদনকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

কোন ব্যক্তি/প্রতিষ্ঠানকে তালিকাভূক্তি প্রদান করা বা না করার অধিকার চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। এই ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত।

এই বিজ্ঞপ্তিটি সিডিএ ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

স্বাক্ষর/- ০২/৭/২০২৫

নির্বাহী প্রকৌশলী (প্রকল্প)
চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ
ফোন নং- ০২৩৩৩৬২১১৩।
ইমেইল-cdaproject20@gmail.com।